

হে কলিকাল

ওপরে ঘন্টা বাজাচ্ছে, বড় খুকু,
তলায় বাংলা অভ্যাস করছে মেজবাবু,
তালতলা থেকে খেজুড় নিয়ে এল পিসিমা
বকুলতলায় ফুল কুড়োচ্ছে পাড়ার রাধা
কৃষ্ণ টিকিট ব্ল্যাক করে রেসিং সাইকেল
কিনে দুজনে জেটির অঙ্ককারে হারিয়ে যাবে।
বেণুবাবু ত্রমশ কমে যাওয়া পেনশনের টাকায়
লটারীর টিকিট কিনে লক্ষীর পটের নীচে রাখে,
একদা বর্ধিষু মানদা বুড়ি ভিক্ষে থেকে পয়সা জমায়,
বড়লোক নাতিকে একটা জামা দেবে।
কলিকালে পাপীর পুণ্য হয় আর ভালোর
কপাল পোড়ে, দাঁত কেলিয়ে হাসে তক্ষক।

কৌশিক গঙ্গোপাধ্যায়

কবির আবার পছন্দ

আমার গরম ভাল লাগে না, শীতকাল
আমার স্যারিডন ভাল লাগে না, ফুটবল
আমার বিবাহে ঝাঁস নেই, যুবতীর ঠোঁট
আমার অঙ্ককারেতে যত ভয়, জেনারেটার
আমার রাজনীতিতে ঘেন্না, স্বাধীনতা
আমার মদ্যপানে ঝাঁস নেই, কুলপিমালাই।